

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd



স্মারক নং: ১২.০১.০০০০.১৬১. ২১৪৫ (৫৬০)


তারিখ: ১৫/০৬/২০২২ খ্রি:

বিষয়: “লীফ গোল্ড” (পাতায় স্প্রে যোগ্য অনুসার) পণ্যটির লেবেল ও রেজিস্ট্রেশন যাচাই প্রসঙ্গে।

সূত্র: ইউএও, সীতাকুন্ড, চট্টগ্রাম এর স্মারক নং- ১২.১৮.১৫৮৬.০৪১.০০.০০০.২১.১৮৭ তারিখ: ১১/০৫/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয় সমীপে জানানো যাচ্ছে যে, মেসার্স বিসমিল্লাহ কর্পোরেশন লিমিটেড, এমডি-আল-হেলাল-উল-করিম, শাহনেওয়াজ ভবন(৫ম তলা) ৯/সি মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর প্রেরিত নমুনা পণ্য যথা- “লীফ গোল্ড” (পাতায় স্প্রে যোগ্য অনুসার) প্রডাক্টটির নিবন্ধন নং আইএমপি- ৬৯০৩ এর রেজিস্ট্রেশন সনদ যাচাই করে দেখা যায় যে উক্ত পণ্যের রেজিস্ট্রেশন অত্র শাখা থেকে ইস্যু করা হয়েছে। কিন্তু প্রতিষ্ঠানটি অনুমোদিত নমুনা লেবেলের আলোকে প্রস্তুতকৃত প্যাকেটে সার বা সার জাতীয় পণ্য বাজারজাত করেননি। যা সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ১৩ (ক) ও ১৬ এর ধারা (২) অনুযায়ী অপরাধ সংঘটিত হয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উপজেলা কৃষি অফিসার,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
সীতাকুন্ড, চট্টগ্রাম।


১৫/৬/২০২২
মোঃ আমিনুল ইসলাম
উপপরিচালক (সার ব্যবস্থাপনা)
সরেজমিন উইং
ডিএই, খামারবাড়ি, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা (সকল)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৫। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, (সকল)। আপনাদের উপজেলায় উক্ত পণ্যটি পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।